ইত্তেফাক
তারিখ ২৬/৬/৮০
পৃষ্ঠা

# যে থানায় পুরুষ মহিলা সমান সমান

(ইত্তেফাক রিপোর্ট)

আদমশুমারির প্রাথমিক রিপোর্টে ফরিদপুর জেলার একটি থানায় মহিলা ও পুরুষের সংখ্যা সমান সমান। থানাটি হইতেছে মাদারীপুর মহকুমার পালং। গণনায় দেখা গিয়াছে যে, উক্ত থানায় পুরুষের সংখ্যা ৭৩ হাজার ২ শত ৯৩ জন এবং মহিলার সংখ্যাও তাই।

তুলনামূলক পর্যালোচনায় বেশ কয়েকটি থানায় মহিলা ও পুরুষের সংখ্যা কম-বেশী কাছাকাছি সমান। এই থানাগুলি হইতেছে চট্টগ্রামের আনোয়ারা, পার্বত্য চট্টগ্রামের রাজস্থলি, কুমিল্লার বরুড়া, সিলেটের বাহুবল, চুনারুঘাট, নবীগঞ্জ, বিয়ানীবাজার, ঢাকা জেলার ঘিওর, সিঙ্গাইর, গজারিয়া, আলফাডাংগা, ফরিদপুরের মুকসুদপুর, শিবচর, ভেদরগঞ্জ, বরিশাল জেলার বানারীপাড়া, ভাণ্ডারিয়া, কাউখালি, পিরোজপুর, খুলনার মোড়লগঞ্জ, দেবহাটা, পটুয়াখালির বামনা, দাসমিনা, দিনাজপুরের বিরামপুর, রাজশাহীর নিয়ামতপুর, বাঘমারা, গোদাগাড়ী, পাবনার কাজীপুর ও রংপুরের রৌমারী।